# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৫৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. প্রথম অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

بَابُ الْجَمَاعَةِ وَفَضْلِهَا

---

আরবী

وَعَنْهُ قَالَ: أَتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ أَعْمَى فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّهُ لَيْسَ لِي قَائِدٌ يَقُودُنِي إِلَى الْمَسْجِدِ فَسَأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُرَخِّصَ لَهُ فَيُصَلِّيَ فِي بَيْتِهِ فَرَخَّصَ لَهُ فَلَمَّا وَلَّى دَعَاهُ فَقَالَ: «هَلْ تَسْمَعُ النِّدَاءَ بِالصَّلَاةِ؟» قَالَ: نَعَمْ قَالَ: «فَأَجِبْ» . رَوَاهُ مُسلم

বাংলা

১০৫৪-[৩] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে একজন অন্ধ লোক এসে বলেন, হে আল্লাহর রসূল! আমার এমন কোন চালক নেই যে আমাকে মসজিদে নিয়ে যাবে। তিনি রসূলের নিকট আবেদন করলেন তাকে যেন ঘরে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের অবকাশ দেয়। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে অবকাশ দিলেন। সে ফিরে চলে যাওয়া মাত্রই তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আবার তাকে ডাকলেন এবং বললেন, তুমি কি সালাতের আযান শুনতে পাও? তিনি বললেন, হ্যাঁ। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তবে অবশ্যই আযানের সাড়া দিবে (অর্থাৎ নিজেকে জামা’আতে শরীক করবে)। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৬৫৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَجِبْ) ‘সাড়া দাও’ অর্থাৎ সালাতের আহবানে সাড়া দিয়ে তা কার্যে পরিণত কর তথা জামা‘আতে উপস্থিত হও। বলা হয়ে থাকে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথমে অন্ধ ব্যক্তিকে জামা‘আতে উপস্থিত না

হওয়ার অনুমতি ছিল তাঁর নিজস্ব সিদ্ধান্ত, কিন্তু তাৎক্ষণিকভাবে আল্লাহর নিকট থেকে ওয়াহী আসার ফলে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে জামা‘আতে উপস্থিত হওয়ার আদেশ দেন। এটাও বলা হয় যে, প্রথমে তাকে অনুমতি দিয়েছেন তার ওযর থাকার কারণে পরবর্তীতে যে আদেশ দেন তা তার জন্য ওয়াজিব নয় বরং তা ছিল তার জন্য উৎসাহমূলক অর্থাৎ তোমার জন্য উত্তম হলো ডাকে সাড়া দিয়ে জামা‘আতে হাজির হওয়া। তাহলে তুমি বড় ধরনের পুরস্কার পাবে।

হাদীসের শিক্ষাঃ জামা‘আতে উপস্থিত হওয়া ফারযে ‘আইন। অতএব সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারী জামা‘আত পরিত্যাগ করার কারণে গুনাহগার হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55614

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন